

### ষষ্ঠ দার্স

#### নামায বিনষ্টকারী বস্ত্রসমূহ

- ১। ইচ্ছাকৃত বাক্যালাপ; যদিও তা স্বল্প হয়।
- ২। সমগ্র শরীর সহ ক্ষেবলা বিমুখ হয়ে যাওয়া।
- ৩। ওয়ুনষ্টকারী কোন জিনিস সংঘটিত হওয়া।
- ৪। বিনা কারণে অত্যধিক নড়া-চড়া করা।
- ৫। হাসা যদিও তা সামান্য হয়।
- ৬। ইচ্ছাকৃতভাবে একটি রংকু, সাজদা, কিয়াম ও বৈঠক বৃদ্ধি করা।
- ৭। ইচ্ছাকৃতভাবে ইমামের আগে কোন কাজ করা।

#### যার নামায ছুটে যায়

যদি কারো নামাযের এক বা একাধিক রাকআত অনাদায় রয়ে যায়, তাহলে ইমামের সাথে সে যা পায় নি তা পূরণ করবে ইমামের দ্বিতীয় সালামের পর। আর সেটাই তার প্রথম রাকআত হবে, যেটা ইমামের সাথে সে পেয়েছে। যদি ইমামের সাথে রংকু' পায়, তাহলে সে রাকআতটা তার পূর্ণ বলে গণ্য হবে। কিন্তু যদি ইমামের সাথে রংকু' না পায়, তাহলে তাকে সে রাকআত পূরণ করতে হবে। যার নামায ছুটে যায় তার উচিত মসজিদে প্রবেশ করে সরাসরি জামা'আতে শামিল হয়ে যাওয়া। তাতে মুক্তাদীগণ দাঁড়ানো অবস্থায় থাকুক, অথবা রংকু, সাজদা, ও যে কোন অবস্থায় থাকুক না কেন তাদের দাঁড়ানোর অপেক্ষা না করে শামিল হয়ে যাবে। তবে তাকবীরে তাহরিমা দাঁড়িয়ে আদায় করবে। অসুস্থ ব্যক্তি বসে আদায় করতে পারবে।

### الدرس السادس

#### مبطلات الصلاة